# পটুয়াখালী সদর উপজেলা পরিষদ

## মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ গোলাম সরোয়ার<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর। |
| তারিখ | ঃ | ১৯/০৫/২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা ঃ ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

---

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট (ক) তে দেখানো হলো।

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ঃ

**সাধারণ বিষয় ঃ**

আলোচ্য বিষয়সমূহ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সভার ০৭ দিন পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের অফিসে প্রত্যেক বিভাগের কার্যপত্র দাখিল করার জন্য সিদ্ধান্ত থাকলেও অনেক বিভাগ হতে নির্দিষ্ট সময়ে তথ্যাদি না পাওয়ায় সভা পরিচালনায় সমস্যার সম্মুখীন হতে হয়।

**সিদ্ধান্ত ঃ** সভা অনুষ্ঠানের ০৭ দিন পূর্বে বিভাগীয় আলোচ্য বিষয়সমূহ উপজেলা নির্বাহী অফিসারের অফিসে দাখিল করতে হবে।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান।

| মিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ** (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,গত ২০-০১-২০২২ তারিখের উপজেলা পরিষদ মাসিক সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ কম্পাউন্ডের মধ্যে বাধনহারা হলরুমের চার পার্শ্বে বড় খানা খন্দ থাকায় হলরুমটি ঝুকিপূর্ন হয়ে আছে এবং দেখতে অসুন্দর দেখায় বিধায় উক্ত খন্দটি জরুরী ভিত্তিতে ভরাট করা প্রয়োজন এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।এবং উপজেলা কম্পাউন্ডের ভিতরে সৌন্দর্য্য বর্ধনের কোন ব্যবস্থা না থাকায় একটি ফলের বাগান প্রস্তুত করে তার মধ্যে ওয়াকওয়ে নির্মান করলে পরিষদের সৌন্দর্য্য বৃদ্ধি পাবে তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত কাজের ব্যায়ের জন্য মোট ২৪,৭৮,৬২৬/- (চব্বিশ লক্ষ আটাত্তর হাজার ছয়শত ছাব্বিশ) টাকার এবং বর্ষার মৌসুমে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সম্মুখে জলাবদ্ধতা সৃষ্টি হয় এতে চলাচলে খুবই অসুবিধা হয় তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫,৯০,৬৪৭/-(পাঁচলক্ষ নব্বই হাজার ছয়শত সাতচল্লিশ) টাকার প্রক্কলন প্রস্তুত করা হয়েছে একটি ড্রেন তৈরী করা প্রয়োজন। উভয় প্রকল্পের প্রক্কলন প্রস্তুত করা হয়েছে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয় ঢাকা প্রেরনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>০১। বাধনহারা হলরুমের চার পার্শ্বের খানা খন্দে বালু ভরাট = ১৩,৫৩,৬৯৭/-<br>০২। ফলের বাগানের ভিতরে মাটি ভরাট, আরসিসি রাস্তা নির্মান,বেড়া নির্মান,গাছ ক্রয় লাগানো ও মেদা প্রস্তুত করন। = ১১,২৪,৯২৯/-<br>০৩। উপজেলা পরিষদ কম্পাউন্ডের ভিতরের নতুন প্রশাসনিক ভবনের সম্মুখে একটি ড্রেন নির্মান করন। = ৫,৯০,৬৪৭/- | **সিদ্ধান্ত** ঃ উল্লেখিত কাজের ব্যায়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যায় করে মোট ২৪,৭৮,৬২৬/- (চব্বিশ লক্ষ আটাত্তর হাজার ছয়শত ছাব্বিশ) টাকার এবং উপজেলা প্রশাসনিক ভবনের সম্মুখে একটি ড্রেন তৈরী করার জন্য ৫,৯০,৬৪৭/- (পাঁচলক্ষ নব্বই হাজার ছয়শত সাতচল্লিশ) টাকার প্রক্কলন প্রস্তুত করা হয়েছে উক্ত প্রক্কলনটি স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয় ঢাকা অনুমোদনের জন্য প্রেরনের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | **বাস্তবায়নে** ঃ<br>উপজেলা প্রকৌশলী পটুয়াখালী সদর। |
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের বরাদ্দ থেকে বাস্তবায়িত উপজেলা পরিচালন ও | **সিদ্ধান্ত** ঃ প্যাকেজ নং ০১। INF – ২০১৯-২০-১০৭৮৯৫-০১) এর চুরান্ত | **বাস্তবায়নেঃ** উপজেলা প্রকৌশলী পটুয়াখালী সদর। |

| | | | |
|---|---|---|---|
| | বেসিন(প্যাকেজ নং INF – ২০১৯-২০-১০৭৮৯৫-০১) বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এম এল বিল্ডার্স এবং ০২। ডিজিটাল স্মার্ট স্কুল নেটওয়ার্কের আওতায় ১৭ টি প্রাথমিক বিদ্যালয়ে স্মার্ট টিভি সরবরাহ (প্যাকেজ নং INF – ২০১৯-২০-১০৭৮৯৫-০২) এর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আবুল কালাম আজাদ প্রাক্কলন মোতাবেক সুষ্ঠভাবে সম্পন্ন করেছে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১০৩৫৮০৭ এবং প্যাকেজ নং ০২। INF – ২০১৯-২০-১০৭৮৯৫-০২) এর চূড়ান্ত বিল ভ্যাট-ট্যাক্স ব্যাতিত মোট ২৮৮৭৮০৭/ভ্যাট ট্যাক্স সহ টাকা ৩২৯৯৪৯৪। দুটি প্যাকেজের ভ্যাট ট্যাক্স ব্যাতীত মোট ৩৮১৪৮৫৪.৫৯ টাকা। এর মধ্যে ভ্যাট ৩২৪৩৯৮ টাকা। ট্যাক্স ১৯৬০৪৯ টাকা এবং ব্যাট ট্যাক্স সহ মোট ৪৩৩৫৩০১.৫৯ টাকা চুড়ান্ত বিল অনুমোদন করা হয়।উক্ত কাজের বিল পরিশোধের জন্য বিলের কপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সমুহ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট ঢাকায় প্রেরনের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২ | ত্রাণ বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |
| ২.৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে পটুয়াখালী সদর উপজেলায় কোভিড ১৯ এর ১ম ডোজ ৭৭%,২য় ডোজ ৬৭% সম্পন্ন হয়েছে। এবং ০৪ জুন ২০২২ তারিখ থেকে ভিটামিন এ+ ক্যাম্পেইন চালু হবে এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের জনগনকে উদ্বুদ্য করার জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত ঃ ০৪ জুন ২০২২ তারিখ থেকে ভিটামিন এ+ ক্যাম্পেইন চালু হবে এ বিষয়ে জনগনকে জানানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে ব্যপক প্রচারনা করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |
| ২.৪ | কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ অর্থ বছরের কৃষি অধিদপ্তরের অধীনে ষার ও বীজ সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে।বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নেঃসংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.৫ | বি,আর,ডি,বি, ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.৬ | শিক্ষা বিভাগ ঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার। |
| ২.৭ | যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.৮ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস অফিসে উপজেলা পরিষদের একটি সরকারী ইন্টারনেটের সার্ভার ষ্টেশন রয়েছে যাহার বিদ্যুৎ সংযোগ মিটার বিল মৎস অফিস পরিশোধ করে এতে মৎস অফিসের বরাদ্দকৃত বিদ্যুৎ বিলে পরিশোধ করা সম্ভব নয় তাই জরুরী ভিত্তিতে মিটারটি আলাদা করা প্রয়োজন এবং কম্পাউন্ডের মধ্যে বিভিন্ন স্থানে আলোর ব্যবস্থা না থাকায় অন্ধকার হওয়ায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য ইলেকট্রনিক সামগ্রি ক্রয় করা প্রয়োজন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যায় করে এ কাজগুলো সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ঃ উপজেলা মৎস অফিসে উপজেলা পরিষদের একটি সরকারী ইন্টারনেটের সার্ভার ষ্টেশনটির মিটার আলাদা করা এবং বিভিন্ন স্থানে আলোর ব্যবস্থা করার জন্য ইলেকট্রনিক সামগ্রি ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যায় করে এ কাজগুলো সম্পন্ন করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে ঃ উপজেলা পরিষদ পটুয়াখালী সদর। |
| ২.৯ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক এবং সন্তোষজনকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১০ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, পটুয়াখালী সদর উপজেলায় বর্তমানে ১১০০ বয়স্ক ভাতা নামের বরাদ্দ পাওয়া গিয়াছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের এ বিষয়ে জনগনকে অবহিত করার জন্য বিস্তারিত আলোচনান্তে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত ঃ নতুন পাওয়া ১১০০ বয়স্ক ভাতার তালিকায় যাহাতে কোন অনিয়ম না হয় সুষ্ঠভাবে কার্যক্রম শেষ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১১ | মহিলা বিষয়ক বিভাগ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১২ | প্রাণিসম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভবিক এবং সন্তোষজনকভাবে চলছে। | সিদ্ধান্ত ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১৩ | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা সভায় জানান যে,পটুয়াখালী সদর উপজেলাধীন বড়বিঘাই ইউনিয়নের তিতকাটা কমিউনিটি ক্লিনিকটি প্রত্যন্ত এলাকায় হওয়ায় [illegible] | সিদ্ধান্ত ঃ পটুয়াখালী সদর উপজেলাধীন বড়বিঘাই ইউনিয়নের তিতকাটা কমিউনিটি ক্লিনিকটি যে স্থনে স্থানান্তর [illegible] | বাস্তবায়নে ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | স্থানে স্থানান্তর করলে মানুষ সঠিক ভাবে উপকৃত হবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.১৪ | **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনকভাবে চলছে। | **সিদ্ধান্ত** ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | **বাস্তবায়নেঃ** সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে। | **সিদ্ধান্ত** ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | **বাস্তবায়নে** ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান । |
| ২.১৬ | **পল্লী দারিদ্র বিমোচন বিভাগ** ঃ উপজেলা দারিদ্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক এবং সন্তোষজনকভাবে চলছে। | **সিদ্ধান্ত** ঃ নিজ নিজ দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে । | **বাস্তবায়নে** ঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |
| ২.১৭ | **বিবিধ০১ঃ** ১) ভাইস চেয়ারম্যান সৈয়দ মোঃ সোহেল সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর ঘ অপ্রত্যাশিত খাতে ব্যয়ের কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যায় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>২) তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর ট এর পানির পাম্প রক্ষনাবেক্ষন/মেরামত খাতে ব্যয়ের কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) ব্যায় করার জন্য সভায় বিস্তরিত আলোচনা করা হয়।<br>৩) তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদে একটি সৌর বিদ্যুত প্যানেল স্থাপন করা পয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর দ এর সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যায় করে একটি সৌর প্যাণেল স্থাপন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যায় করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত** ঃ বিভিন্ন সময়ে পানির পাম্প মেরামত/পাম্প ক্রয় করা হয়েছে এ বিল পরিশোধের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) ব্যায় করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদে একটি সৌর বিদ্যুত প্যানেল স্থাপন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যায় করে একটি সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করার জন্য সভায় সর্বস্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | **বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর।<br>**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর।<br>**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর। |
| ২.১৮ | **বিবিধ০২ঃ** ১) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান সবায় জানান যে, উপজেলা পরিষদ কম্পাউন্ডের মধ্যে অনেক স্থানে বর্জ্য স্তুপ ও অপরিস্কার হয়ে আছে এগুলো পরিস্কার করা প্রয়োজন তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর ভ এর বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যায় করে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ করানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>২) তিনি সভায় আরো জানান যে, উপজেলা কম্পাউন্ডের মধ্যে ব্যপক মসার উৎপাত বেরে যাওয়ায় অফিসে বসতে খুবই সমস্যা হয় তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর ফ এর মশা নিধন কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যায় করে মশা নিধন উপকরন ক্রয় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদ কম্পাউন্ডের মধ্যে অনেক স্থানে বর্জ্য স্তুপ ও অপরিস্কার হয়ে আছে উহা পরিস্কার করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যায় করে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ করানোর বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যায় করে মশা নিধন উপকরন ক্রয় করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | **বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর।<br>**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর। |
| ২.১৯ | **বিবিধ০৩ঃ** ১) চেয়ারম্যান আউলিয়পুর ইউপি সভায় জানান যে, উপজেলা পরিষদের মধুমতি হলরুমে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভাসহ আরো অনেক গুরুত্বপূর্ন সভা পরিচালনা করা হয় তাই প্রত্যেকটি সিটে একটি করে ডিজিটাল সাউন্ডসিষ্টেমসহ একটি মাউথস্পিকার ক্রয় করা প্রয়োজন তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর চ এর অফিস সরঞ্জাম ক্রয় কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যায় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>২) তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের রুমের জন্য কিছু আসবাবপত্র ক্রয় করা এবং কিছু আসবাবপত্র মেরামত করার প্রয়োজন তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর নিতিমালার ৩ এর ছ এর আসবাবপত্র সংগ্রহ/মেরামত কলাম অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আসবাবপত্র সংগ্রহের জন্য | **সিদ্ধান্ত** ঃ মধুমতি হলরুমের প্রত্যেকটি সিটে একটি করে ডিজিটাল সাউন্ডসিষ্টেমসহ একটি মাউথস্পিকার ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যায় করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত** ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের রুমের জন্য কিছু আসবাবপত্র ক্রয় করা এবং কিছু আসবাবপত্র মেরামত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আসবাবপত্র সংগ্রহের জন্য | **বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর।<br>**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিষদ পটুয়াখালী সদর। |

| | | | |
|---|---|---|---|
| | ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যায় করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মেরামত করার জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যায় করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২০ | **বিবিধ০৪ঃ** চেয়ারম্যান জৈনকাঠী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, পটুয়াখালী সদর উপজেলাধীন জৈনকাঠী ইউনিয়নের বুড়িয়ার খেয়া আয়রন ব্রীজটি টেন্ডার হওয়ায় নতুনভাবে নির্মান কাজ চলমান। পুরাতন আয়রন ব্রীজের প্রায় ১০০ মিটার স্লাব রয়েছে যাহা নষ্ট হওয়ার উপক্রোম তাই স্লাবগুলো অকশন না দিয়ে ইউনিয়ন পরিষদের মাধ্যমে জৈনকাঠী ইউনিয়নের কেশবপুর আলআমীন মাদ্রাসার পার্শ্বের ব্রীজে,চন্দনবাড়ীয়া ভায়লা ব্রীজে এবং জৈনকাঠী মাধ্যমিক বিদ্যালয়ের পার্শ্বের আয়রন ব্রীজে স্থানান্তর করিলে এলাকার জনগনসহ স্কুলগামী ছাত্র/ছাত্রীদের খুবই সুবিধা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত ঃ** জৈনকাঠী ইউনিয়নের বুড়িয়ার খেয়া আয়রন ব্রীজটি টেন্ডার হওয়ায় নতুনভাবে নির্মান কাজ চলমান। পুরাতন আয়রন ব্রীজের প্রায় ১০০ মিটার স্লাব রয়েছে যাহা জৈনকাঠী ইউনিয়নের কেশবপুর আলআমীন মাদ্রাসার পার্শ্বের ব্রীজে,চন্দনবাড়ীয়া ভায়লা ব্রীজে এবং জৈনকাঠী মাধ্যমিক বিদ্যালয়ের পার্শ্বের আয়রন ব্রীজে স্থানান্তর করার জন্য নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | **বাস্তবায়নে ঃ** উপজেলা প্রকৌশলী এলজিইডি,পটুয়াখালী সদর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

জনাব মোঃ গোলাম সরোয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পটুয়াখালী সদর।
ফোন নং- ০৪৪১-৬২২৫০

স্মারক নং-০৫.১০.৭৮৯৫.০০২.০৫.০০১.২০২২-৯২

তারিখ ঃ ২৭/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১১১ পটুয়াখালী -০১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়,ঢাকা।
০২। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর।
০৫। উপজেলা------------------------------------ অফিসার, পটুয়াখালী সদর।
০৬। চেয়ারম্যান----------------------------------- ইউনিয়ন পরিষদ, পটুয়াখালী সদর।
০৭। জনাব/জনাবা-----------------------------------------------
০৮। অফিস নথি

২৭/০৫/২২

উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর।